

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

রবিবার, জানুয়ারী ১১, ২০০৮

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

## প্রজ্ঞাপন

তারিখ, ৮ই জানুয়ারী, ২০০৮/২৫শে পৌষ, ১৪১০

এস.আর.ও নং ০৬-আইন/২০০৮—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৩৮ আইন/২০০৩, তারিখ ২৬শে মে, ২০০৩ ইংরেজী মোতাবেক ১২ই জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উন্মোচিত, এর rule 3 এর বিধান মোতাবেক উভয়ৰূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কুমিল্লা জেলার বৃড়িচং উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগস্ট ২৬শে পৌষ, ১৪১০ বাংলা মোতাবেক ৯ই জানুয়ারী, ২০০৮ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বৃড়িচং মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগৃ নম্বর
১	২	৩	৪	৫
(১)	বৃড়িচং	উত্তর বিজয়পুর	৭৭	০১-২৭২৬
(২)	বৃড়িচং	জগতপুর	৫৩	০১-২৪৯১
(৩)	বৃড়িচং	পূর্ণমতি	৭৫	০১-২২৮৫
(৪)	বৃড়িচং	আরাগ-আনন্দপুর	৭৮	০১-৮০০
(৫)	বৃড়িচং	জরুইন	৭৬	০১-৭৩৮
(৬)	বৃড়িচং	বড় হরিপুর	১২৭	০১-১০৯১
(৭)	বৃড়িচং	যদুপুর	১২৬	০১-৮৭৭।

বর্ত্তপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান  
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফটো ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।